

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 30.09.2024**

**Time: 7.50 P.M**

**বিশেষ বিশেষ খবর -**

১) আর জি করের ঘটনায় সুপ্রিম কোর্টে স্বতঃপ্রগোদিত মামলার শুনানিতে কেন্দ্রীয় তদন্ত বুরো সিবিআই আজ নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দিয়েছে।

সেই রিপোর্ট খতিয়ে দেখে প্রধান বিচারপতি জানিয়েছেন তদন্তে বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য উঠে এসেছে।

পুজোর ছুটির পর মামলার পরবর্তী শুনানিতে আদালত টাক্ষফোর্সের কাছ থেকে রিপোর্ট নেবে বলে জানিয়েছে।

২) আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডলেকে চৌঠা অক্টোবর পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে।

৩) তন্মূল ছাত্র পরিষদ নেত্রী রাজন্য হালদার ও প্রান্তিক চক্ৰবৰ্তী আর জি কর ইস্যুতে তৈরি স্বল্প দৈর্ঘ্যের ছবি মুক্তির দিন স্থগিত রেখেছে।

৪) প্রখ্যাত অভিনেতা মিঠুন চক্ৰবৰ্তী এবারের ‘দাদাসাহেব ফালকে’ পুরস্কার পাচ্ছেন।

---

আর জি করের ঘটনায় সুপ্রিম কোর্টে স্বতঃপ্রগোদিত মামলার শুনানিতে কেন্দ্রীয় তদন্ত বুরো সিবিআই আজ নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দেয়। প্রধান বিচারপতি ডি

ওয়াই চন্দ্ৰচূড় এবং দুই বিচারপতি জে বি পার্দিওয়ালা ও মনোজ মিশ্রের বেঞ্চ এপৰ্যাপ্ত তদন্তের অগ্রগতি নিয়ে দাখিল করা ঐ রিপোর্ট খতিয়ে দেখেন। পরে প্রধান বিচারপতি জানান, সিবিআই-এর তদন্তে বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য উঠে এসেছে। ধৰ্ম, খুন, হাসপাতালে আৰ্থিক দুৰ্নীতি – সব কিছু নিয়েই সিবিআই তদন্ত চালাচ্ছে। তাদের যথাযথ সময় দিতে হবে। আদালতে বৰিষ্ঠ আইনজীবী মহেশ জেঠমালানি জানান, ঐ তরুণী চিকিৎসকের নাম প্রকাশ্যে নেওয়া সত্ত্বেও কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনারের বিরুদ্ধে কোনো এফআইআর দায়ের করা হয়নি। এই মামলায় সুপ্রিম কোটে বিচারাধীন থাকায় হাইকোটে শুনানি হয়নি। হাইকোটে এর শুনানি হতে পারবে কিনা, শীৰ্ষ আদালতের কাছ থেকেই তা জানতে চান তিনি।

শুনানির শুরুতেই আজ নির্যাতিতার পরিবারের আইনজীবী বৃন্দা গ্ৰোভার জানান, সমাজমাধ্যমে এখনও তরুণী চিকিৎসকের ছবি ঘোৱাফেৱা কৰছে। এব্যাপারে নজরদারির জন্য তথ্য প্ৰযুক্তি মন্ত্ৰককে নোডাল অফিসার নিয়োগের আবেদন জানান তিনি। আৱ জি কৰ কান্ড নিয়ে নিৰ্মিত স্বল্প দৈৰ্ঘ্যেৰ যে ছবি বিতৰ্কেৰ সৃষ্টি হয়েছে, তা বন্ধ কৰাৰ জন্য নিৰ্দেশ দিতে বলেন শ্ৰীমতি গ্ৰোভার।

সলিসিটাৱ জেনারেল তখন বলেন, এটি রাজ্যেৰ দেখা উচিত। নিৰ্দিষ্ট কৰে কোথায় পোস্ট হচ্ছে, সেই বিষয়ে পরিবারেৰ তৰফে জানানো হলে বিষয়টি খতিয়ে দেখা হবে।

নির্যাতিতা পরিবারেৰ আইনজীবী আবেদন জানান, আৱ জি কৰ নিয়ে যে স্বল্প দৈৰ্ঘ্যেৰ ছবিটি বানানো হয়েছে, তা বন্ধ কৰাৰ নিৰ্দেশ দেওয়া হোক। প্রধান বিচারপতি সমাজমাধ্যমে নজরদারি চালানোৰ জন্য তিনি নোডাল অফিসার নিয়োগেৰও দাবি জানান।

কারা কারা এই তদন্তের আওতায় রয়েছে, সেই নামের তালিকা জমা দেওয়ার জন্য সিবিআইকে নির্দেশ দেন প্রধান বিচারপতি। রাজ্যের আইনজীবী তখন জানান, ৫ জনকে ইতোমধ্যেই সাসপেন্ড করা হয়েছে। তারা কারা, সেই নামের তালিকাও জানতে চায় শীর্ষ আদালত। সিসিটিভি বসানোর কাজ কর্তৃপক্ষ এগিয়েছে, প্রধান বিচারপতি তাও রাজ্যের কাছে জানতে চেয়েছেন। রাজ্যের তরফে ১০ ই অক্টোবরের মধ্যে সেই কাজ শেষ হয়ে যাবে বলে আইনজীবী আশ্বস্ত করেন। ১৫ ই অক্টোবরের মধ্যে ২৮ টি হাসপাতালে শৌচাগার নির্মাণ ও সংস্কারের কাজও সম্পূর্ণ হবে বলে আইনজীবী জানান। প্রধান বিচারপতি ৩১ শে অক্টোবরের মধ্যে সমস্ত কাজ শেষ করার জন্য রাজ্যকে সময়সীমা বেঞ্চে দেন।

শুনানির সময় রাজ্যের তরফে জুনিয়ার চিকিৎসকরা শুধুমাত্র জরুরী পরিষেবা দিচ্ছেন, একথা জানানো হলে প্রধান বিচারপতি হাসপাতালের বহির্বিভাগ ও অন্য সমস্ত জরুরী প্রয়োজনীয় পরিষেবার কাজ কেন জুনিয়ার চিকিৎসকরা করছেন না, তা জানতে চান। জুনিয়ার চিকিৎসকদরে পক্ষে আইনজীবী ইন্দিরা জয় সিং তা খন্দন করে বলেন, এই তথ্য ঠিক নয়। প্রয়োজনীয় পরিষেবা দেওয়া হচ্ছে। হাসপাতালে বেড না দেওয়ার জন্য রোগী মৃত্যুর অভিযোগও খারিজ করে দেন চিকিৎসকদের তরফে আইনজীবী করুণা নন্দী।

পুজোর ছুটির পর মামলার পরবর্তী শুনানিতে আদালত টাক্ষফোর্সের কাছ থেকে রিপোর্ট নেবে বলে সলিসিটার জেনারেলকে জানান প্রধান বিচারপতি। কিন্তু সেই টাক্ষফোর্সে পশ্চিমবঙ্গের কারোর নাম নেই বলেও বিষয়টি আদলাতের নজরে এলে কমপক্ষে একজন প্রতিনিধি রাখার অনুরোধ করেন তিনি। ইন্দিরার বক্তব্যের সঙ্গে সহমত হন প্রধান বিচারপতি।

---

এদিকে, শীর্ষ আদালতের শুনানির পর আজ নির্যাতিতার বাবা জানিয়েছেন, সুপ্রিম কোর্ট এবং সিবিআই এর উপর তাদের সম্পূর্ণ আস্থা আছে। আদালত তদন্তর উপর নজর রাখছে। দেশের সর্বোচ্চ আদালতের থেকে তারা ন্যায়বিচার পাবেন বলঙ্গি তাদের আশা। তিনি আরো বলেন, তার মেয়ের মৃত্যুর মূল অভিযুক্তরা এখনো স্বাধীনভাবে ঘূরে বেড়াচ্ছে। জুনিয়র চিকিৎসকদের নিরাপত্তায় রাজ্য সরকারের অবিলম্বে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত। সাগর দন্ত হাসপাতালে চিকিৎসকদের উপর হামলার ঘটনা দুঃখজনক বলে উল্লেখ করে তিনি, জুনিয়ার চিকিৎসকরা যদি ফের কর্মবিরতিতে যায়, তার পিছনে আদৌ অন্যায় যুক্তি রয়েছে কিনা তা নিয়ে প্রশ্ন তোলেন।

---

আর জি কর হাসপাতালে তরঙ্গী চিকিৎসকের ধর্ষণ ও খনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডলেকে চৌঠা অক্টোবর পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে। এদের আজ ভার্চুয়ালি শিয়ালদা আদালতে তোলা হয়।

এদিকে, এই ধর্ষণ, খন ও আর্থিক দুর্নীতির মামলায় সন্দীপকে নিজেদের হেফাজতে নিতে চেয়েও আবেদন প্রত্যাহার করে নিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। তদন্তে কিছু গুরুত্বপূর্ণ নথি পাওয়া গেছে বলে জানিয়ে সিবিআইয়ের পক্ষ থেকে সন্দীপকে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জমা পড়ে। কিন্তু জেলে গিয়ে জেরা করার সুযোগ থাকা সত্ত্বেও তাকে হেফাজতে কেন চাওয়া হচ্ছে, তা নিয়ে বিচারক প্রশ্ন তোলেন। সন্দীপকে জেলে জিজ্ঞাসাবাদ করার জন্য বিবেচনা করে দেখা হবে আদালত জানালে তারপরই আবেদন প্রত্যাহার করে নেন তদন্তকারী সংস্থার আইনজীবী।

অন্যদিকে, সন্দীপ ঘোষের বেলেঘাটা বাড়ির একাংশ বেআইনীভাবে তৈরি হয়েছে, এই অভিযোগের প্রেক্ষিতে পুরসভার ইঞ্জিনিয়ার ও কর্মীরা আজ সেখানে যান। ছিল পুলিশও। বাড়ির চারপাশও খুঁটিয়ে পরীক্ষা করে দেখে তারা।

তৃনমূল ছাত্র পরিষদ নেতৃী রাজন্যা হালদার ও প্রান্তিক চক্ৰবৰ্তী আৱ জি কৱ ইস্যুতে তৈৱি স্বল্প দৈৰ্ঘ্যেৰ ছবি মুক্তিৰ দিন স্থগিত রেখেছে। এৱা আজ তৃনমূল ছাত্র পরিষদ সভাপতি তৃনাক্ষুৱ ভট্টাচাৰ্যকে ই মেইল কৱে এ কথা জানান। “আগমনী তিলোত্মাদেৱ গল্প “নামে এই শট ফিল্মটি আগামী দোসৱা অক্টোবৱ মহালয়াৱ দিন মুক্তি পাওয়াৱ কথা ছিল। কিন্তু বৰ্তমান পরিস্থিতিতে, বিষয়টি সংবেদনশীল ও বিচাৱ প্ৰক্ৰিয়ায় থাকায় সব কিছু বিচাৱ কৱে তা স্থগিত রাখাৱ সিদ্ধান্ত নেওয়া হলো বলে জানিয়েছেন তাৰা।

উল্লেখ্য এই ছবিটি ঘিৱে বিতৰ্ক তৈৱি হওয়ায় তৃনমূল ছাত্র পরিষদ থেকে প্রান্তিক ও রাজন্যা দুই জনকেই সাসপেন্ড কৱা হয়।

**স্বচ্ছ ভাৱত মিশন :** স্বচ্ছতাই সেবাৱ আওতায় সারা দেশ জুড়ে চলছে পৱিচ্ছন্নতা অভিযান। এবছৱেৱ মূল ভাৱনা স্বভাৱ স্বচ্ছতা - সংস্কাৱ স্বচ্ছতা। আকাশবাণী সংবাদ প্ৰযোজিত একটি বিশেষ আলোচনা মানসিকতায় পৱিচ্ছন্নতা শুনবেন সোমবাৱ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ মেগা হার্টজ এবং DTH বাংলায়। অংশ নিয়েছেন পূৰ্ব রেল ও কলকাতা মেট্ৰো রেলেৱ মুখ্য জন্য সংযোগ আধিকাৱিক কৌশিক মিত্ৰ এবং আয়কৱ দণ্ডৰ ধানবাদেৱ যুগ্ম কমিশনাৱ দেৰাশীল বিশ্বাস। সপ্তাহলনায় কল্যাণ লাহা।

ৱাজ্য সরকাৱ আসন্ন উৎসবেৱ দিনগুলিতেও দক্ষিণবঙ্গেৱ সব জেলা প্ৰশাসনেৱ শীৰ্ষ কৰ্তা, মন্ত্ৰী সহ এলাকাৱ জনপ্ৰতিনিধিদেৱ বন্যা দৃগত এলাকায় ক্ষতিগ্ৰস্থ মানুষদেৱ পাশে থাকাৱ নিৰ্দেশ দিয়েছে।

বাইট

উত্তরবঙ্গে লাগাতার বৃষ্টির ফলে জল বাঢ়তে শুরু করেছে মালদা জেলার হরিশচন্দ্রপুর ২ নং ব্লকের ফুলাহার সহ বিভিন্ন নদীতে। সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতে নদী তীরবর্তী গ্রাম গুলি পরিদর্শন করলেন জেলাশাসক নীতিন সিঙ্গানিয়া।

---

মালদার ভূতনিতে বন্যা পরিস্থিতি উদ্বেগজনক আকার নিয়েছে। বন্যার জলে টিনের নৌকা ডুবে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। জানা গেছে, পুলিনটোলা এলাকায় আজ জিতেন মন্ডল নামে বছর ৩০ এর এক ব্যক্তি দুই নাবাললিকা সন্তানকে টিনের নৌকায় বসিয়ে প্লাবিত এলাকা হয়ে দোকান ঘাষিলেন। সে সময় নৌকাটি হঠাত উল্টে যায়।

---

রাজ্যের সাম্প্রতিক বন্যা পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্ন থেকে দক্ষিণবঙ্গের সব জেলার জেলাশাসক, পুলিশ সুপার, পুলিশ কমিশনার সহ ডিজিপি, মুখ্য সচিব এর সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। পরে মুখ্য সচিব মনোজ পন্থ সাংবাদিকদের বলেন, উৎসবের দিনগুলিতে বন্যা দুর্গতদের কাছে দ্রুত ত্রাণ পৌঁছে দেওয়ার জন্যে মুখ্যমন্ত্রী সব জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। পাশাপাশি আগামী বুধ এবং বৃহস্পতিবার যে ভরা কোটাল রয়েছে তার জন্য সবাইকে সতর্ক থাকতে বলেন তিনি। প্রয়োজনে বিপদজনক এলাকায় থাকা মানুষজনকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে আসার কথা বলা হয়েছে। মুখ্যসচিব জানান, উত্তর এবং দক্ষিণবঙ্গে বন্যা এবং ভূমিধসে কতটা ক্ষয়ক্ষতি হয়েছে সেটা খতিয়ে দেখার জন্য সমীক্ষার কাজ শুরু হয়েছে।

---

পশ্চিম মেদিনীপুরের ঘাটালের দু নম্বর ওয়ার্ডের বন্যার জলে তলিয়ে গিয়ে বছর ছয়েকের এক শিশুর মৃত্যু হয়েছে। রহিত রঞ্জিদাস নামে ঐ শিশুটি পরিবারে অন্যদের সঙ্গে তার দাদুর শান্দের কাজ করতে গিয়েছিল। সেই সময় হঠাত্তই সে জলে পড়ে

তলিয়ে যায়। স্থানীয়রা জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর সাহায্যে তল্লাশি চালায়। ঘন্টা দেড়েক পর উদ্বার হয় শিশুটির মৃতদেহ।

এদিকে, শান্তিনিকেতন থানার বনডাঙ্গা ক্যানেলে স্নান করতে নেমে নবম শ্রেণীর এক ছাত্রও আজ তলিয়ে গেছে। মিলন দাস নামে পারুল ডাঙ্গা উচ্চ বিদ্যালয়ের এ ছাত্রটি দুপুরে কয়েকজন বন্ধুর সঙ্গে স্নান করতে নামে। তারপর দুজন আচমকা তলিয়ে যায়। একজনকে উদ্বার করা গেলেও মিলনের এখনও খোঁজ মেলেনি। স্পীড বোট নামিয়ে ডুবুরির সাহায্যে তাঁর খোঁজে তল্লাশি চালানো হচ্ছে।

---

প্রখ্যাত অভিনেতা মিঠুন চক্রবর্তী এবারের ‘দাদাসাহেব ফালকে’ পুরস্কার পাচ্ছেন। আগামী মাসে ৭০-তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার উৎসবে তাঁর হাতে এই সম্মান তুলে দেওয়া হবে। একটি প্রতিবেদন

তর্যেসকাস্ট

---